যুগান্তর

তারিখ ....20 AUG 2009
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ......

# নতুন জাতীয় অধ্যাপক নিয়োগে মন্ত্রী পর্যায়ে কমিটি গঠন

যুগান্তর রিপোর্ট

নতুন জাতীয় অধ্যাপক নিয়োগের লক্ষ্যে সরকারের শীর্ষ পর্যায় থেকে শিক্ষা মন্ত্রণালয়কে নির্দেশনা দেয়া হয়েছে। এরই প্রেক্ষিতে তিনজন মন্ত্রীর সমন্বয়ে চার সদস্যের উচ্চক্ষমতার একটি কমিটি গঠন করা হয়েছে। বুধবার এক প্রজ্ঞাপনে কমিটির সদস্যদের নাম প্রকাশ করা হয়েছে। সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, বর্তমানে জাতীয় অধ্যাপক হিসেবে যারা দায়িত্ব পালন করছেন তাদের মেয়াদ শেষ হচ্ছে আগামী ৩১ ডিসেম্বর।